**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**2 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==================================================================

১) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণের আগামীকাল গুয়াহাটি ও উত্তর লক্ষিমপুরের মধ্যে চলাচলকারী জন শতাব্দী এক্সপ্রেস ট্রেনটির যাত্রার আনুষ্ঠানিক সূচনা ।

২) শিলচর-নাহরলগুন এক্সপ্রেস এবং আগরতলা-গৌহাটি বিশেষ এক্সপ্রেস ট্রেন দুটির সময়সূচির পরিবর্তন ।

৩) আকাশবাণী কোকরাঝার কেন্দ্রের ১০ কিলোওয়াট ক্ষমতা সম্পন্ন নতুন এফ এম ট্রান্সমিটারের আগামীকাল আনুষ্ঠানিক উদ্বোধন ।

এবং

৪) জাতীয় ক্রীড়া পুরস্কার সমূহ আজ ঘোষণা ।

---

গুয়াহাটি ও উত্তর লক্ষিমপুরের মধ্যে চলাচল করানোর সিদ্ধান্ত নেওয়া নতুন জনশতাব্দী এক্সপ্রেস ট্রেনটির যাত্রার আগামীকাল আনুষ্ঠানিক সূচনা করবেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ । ব্রহ্মপুত্রের উত্তর তীরের সঙ্গে গুয়াহাটির রেল যোগাযোগ আরো উন্নত করার লক্ষ্যে এই ট্রেনটি চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । রেল বিভাগের সূত্রে জানানো হয়েছে যে- সপ্তাহে দুবার করে যাতায়াত করা এই ট্রেনটি সকাল ন'টা ৫০ মিনিটে গুয়াহাটি থেকে যাত্রা আরম্ভ করবে । এবং বিকেল ৪ টা ১৫ মিনিটে উত্তর লক্ষিমপুর গিয়ে পৌঁছুবে । এছাড়া বিকেল পাঁচটায় উত্তর লক্ষিমপুর থেকে যাত্রা করে রাত ১১টা ২৫ মিনিটে ট্রেনটি গুয়াহাটি এসে পৌঁছুবে। রেলমন্ত্রী শ্রী বৈষ্ণ আগামীকাল তিনসুকিয়া-নাহারলগুন এক্সপ্রেস এবং গুয়াহাটি-নিউ বঙাইগাঁও এক্সপ্রেস যাত্রীবাহী ট্রেন দুটির পতাকা নেড়ে সূচনা করবেন । তিনি সেখানে নির্মিত একটি ফ্লাই ওভারেরও উদ্বোধন করবেন । তথ্য ও সম্প্রচার

বিভাগেরও মন্ত্রী শ্রী বৈষ্ণ ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে আকাশবাণী কোকরাঝাড় কেন্দ্রের নবনির্মিত এফ এম ট্রান্সমিটারেরও আনুষ্ঠানিক উদ্বোধন করবেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে যাত্রীদের সুবিধার জন্য কয়েকটি ট্রেনের সময়সূচীর পরিবর্তন করেছে । এই নতুন সময়সূচী অনুসারে ০৫৬৩৮ নম্বরের শিলচর-নাহরলগুন এক্সপ্রেস ট্রেনটি আগামী ৬ জানুয়ারী থেকে ৩১ মার্চ পর্যন্ত সপ্তাহের প্রত্যেক সোমবার শিলচর থেকে দুপুর ১টা ১০ মিনিটে গন্তব্যস্থলের উদ্দেশ্যে যাত্রা শুরু করে পরদিন সকাল ৮টা ৪০ মিনিটে নাহরলগুন পৌছবে । অনুরূপভাবে , ০৫৬৩৭ নম্বরের নাহারলগুন-শিলচর এক্সপ্রেস ট্রেনটি আগামী ৭ জানুয়ারী থেকে পয়লা এপ্রিল পর্যন্ত সপ্তাহের প্রত্যেক মঙ্গলবার নাহরলগুন থেকে সকাল ১০টায় যাত্রা শুরু করে পরদিন ভোর ৫টা ২০ মিনিটে শিলচর পৌছবে । শিলচর থেকে ট্রেনটি যাত্রার সময় নিউ-হাফলং , লামডিং , ডিমাপুর , মরিয়ানি , নিউ-তিনসুকীয়া , ধেমাজী এবং হারমতিতে থামবে । এদিকে ০৫৬২৮ নম্বরের আগরতলা-গৌহাটি বিশেষ এক্সপ্রেস ট্রেনটি আজ থেকে ২৭ মার্চ পর্যন্ত সপ্তাহের প্রত্যেক বৃহস্পতিবার আগরতলা থেকে সন্ধ্যা ৭টায় যাত্রা শুরু করে পরদিন সকাল ৮টা ৪৫ মিনিটে গৌহাটি পৌছবে । ফেরত যাত্রার সময় ০৫৬২৭ নম্বরের ওই ট্রেনটি সপ্তাহের প্রতি শুক্রবার গৌহাটি থেকে দুপুর ১টা ১৫ মিনিটে যাত্রা শুরু করে পরদিন বিকেল ৪টা ১০ মিনিটে আগরতলায় পৌছবে । এই ট্রেনটি যাওয়া আসা করার সময় আম্বাসা , নিউ-করিমগঞ্জ , নিউ-হাফলং , লামডিং এবং চাপারমুখে থামবে ।

---

আসামের সঙ্গে প্রতিবেশী রাজ্যগুলির সীমা বিবাদ সৌহার্দপূর্ণভাবে মীমাংসার জন্য রাজ্য সরকারের গ্রহণ করা পদক্ষেপসমূহ আজ আসাম চুক্তি রূপায়ন এবং সীমান্ত সুরক্ষা তথা উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা পর্যালোচনা করেন । তিনি বলেন যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার রাজনৈতিক সদিচ্ছা এবং লাগাতার প্রচেষ্টা ও প্রতিবেশী রাজ্যগুলির নেতাদের সহযোগিতার ফলে সীমান্ত অঞ্চলগুলিতে স্থায়ী শান্তি এবং দ্রুত উন্নয়ন সম্ভব হয়ে ওঠেছে । শ্রী বরা আজ আসাম চুক্তি রূপায়ন বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে এই চুক্তির ৬ নম্বর ধারা সম্পর্কে অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব শর্মা সমিতির ৫২টি পরামর্শ নিয়ে বিস্তারিত পর্যালোচনা করেন । তিনি এই ক্ষেত্রে গ্রহণ করা পরিকল্পনাগুলির দ্রুত এবং ফলপ্রসূ রূপায়ণ নিশ্চিত করার ব্যবস্থা করতে আধিকারিকদের কাজ করে যাওয়ার নির্দেশ প্রদান করেন ।

---

আকাশবাণীর সঞ্চালক প্রধান শ্রীমতি প্রজ্ঞা পালিওয়াল গৌড় দুদিনের সফরে আজ গুয়াহাটি এসেছেন । তিনি আজ গুয়াহাটিতে আকাশবাণী ও দূরদর্শনের আধিকারিকদের সঙ্গে ঐ দুটি প্রচার মাধ্যমের কাজকর্মের পর্যালোচনা করেছেন । তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ’এর আগামীকাল গুয়াহাটি থেকে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে কোকরাঝাড়ের নতুন এফ এম ট্রান্সমিটারের উদ্বোধনের প্রস্তুতি সম্পর্কেও শ্রীমতি গৌড় আকাশবাণীর আধিকারিকদের সঙ্গে আলোচনা করেছেন ।

---

রাজ্য সরকার বসুন্ধরা তৃতীয় পর্যায়ের আবেদনের সময়সীমা ১০ জানুয়ারী পর্যন্ত বৃদ্ধি করেছে । গতকাল জারী করা এক অধিসূচনা অনুসারে বসুন্ধরা তৃতীয় পর্যায় পোর্টালে আবেদনকারীরা আগামী ১০ জানুয়ারী মধ্যরাত পর্যন্ত আবেদন করতে পারবেন । আবেদনকারীদের যাতে কোন ধরণের বাধার সম্মুখিন হতে না হয় সেই বিষয়টি নিশ্চিত করতে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করতে জেলা আয়ুক্তদের নির্দেশ প্রদান করা হয়েছে । উল্লেখ্য যে এর আগে তৃতীয় পর্যায়ের বসুন্ধরা প্রকল্পের জন্য ২০২৪ সালের ১৫ অক্টোবর অধিসূচনা জারী করা হয়েছিল এবং ওই অধিসূচনায় ২০২৪ সালের ৩১ ডিসেম্বরের মধ্যরাত পর্যন্ত আবেদনপত্র দাখিল করার জন্য সময়সীমা নির্ধারন করে দেওয়া হয়েছিল ।

---------------------------------------------------------------------------------------------------

মিজোরামের বিদায়ী রাজ্যপাল ডক্টর হরি বাবু কামভামপতিকে আজ আনুষ্ঠানিকভাবে বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে । এই উপলক্ষ্যে আজ রাজ্যের মুখ্যমন্ত্রী পু লাল ডুহোমার পৌরহিত্যে লেংপুই বিমানবন্দরে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । ডক্টর কামভামপতি মিজোরামের রাজ্যপাল হিসেবে তিন বছর পাঁচ মাস দায়িত্ব পালন করেছেন । বর্তমানে তাঁকে ওড়িষ্যার রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে ।

এদিকে মিজোরামের নতুন রাজ্যপাল অবসরপ্রাপ্ত জেনারেল বিজয় কুমার সিং আগামী ৮ই জানুয়ারী আইজল এসে পরদিন অর্থাৎ ৯ই জানুয়ারী দায়িত্বভার গ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------------------------

জাতীয় ক্রীড়া পুরস্কার সমূহ আজ ঘোষণা করা হয়েছে। বিশ্ব দাবা চ্যাম্পিয়ন ডি গুকেশ, প্যারিস অলিম্পিকে দুটি পদক বিজয়ী মানু ভাকর, ভারতীয় হকি দলের অধিনায়ক হরমনপ্রীত সিং এবং প্যারিস প্যারা অলিম্পিকে সোনার পদক বিজয়ী প্রবীণ কুমারকে মেজর ধ্যানচাঁদ খেলরত্ন পুরস্কার প্রদান করা হবে । অনুরূপভাবে ৩২জন খেলোয়াড়কে অর্জুন পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে । এই পুরস্কার প্রাপকদের মধ্যে এথলিট জ্যোতি ইয়াবজী এবং অনু রাণী, বক্সার নীতু ঘাঙ্ঘাস এবং সাওইটি বুরা, দাবা খেলোয়াড় বন্তিকা আগরওয়াল, হকি খেলোয়াড় সালিমা টেটে, অভিষেক সঞ্জয়, জরমনপ্রীত সিং এবং সুখজিৎ সিং রয়েছেন । প্যারা আর্চারি খেলোয়াড় রাকেশ কুমার, প্যারা এথলিট প্রীতি পাল, জীবনজী দিপ্তী, অজিত সিংএবং শচীন খিলাড়ীকে অর্জুন পুরস্কার প্রদান করা হচ্ছে । ক্রীড়া ক্ষেত্রে আজীবন অবদান যোগানোর স্বীকৃতি স্বরূপ প্রবীণ এথলিট সূচা সিং এবং প্রবীণ প্যারা সাঁতারু মূরলীকান্ত পেটকারকে অর্জন পুরস্কার প্রদান করা হচ্ছে । আগামী ১৭ই জানুয়ারি রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু এই পুরস্কার সমূহ প্রদান করবেন ।

---------------------------------------------------------------------------------------------------

ভারত ও মায়ানমার সীমান্তের মধ্যে এ পর্যন্ত ৯ কিলোমিটার অংশে কাঁটাতারের বেড়া নির্মান করার কাজ সম্পূর্ণ হয়েছে এবং বাকি কাজ অব্যাহত রয়েছে । ভারত - মায়ানমার সীমান্তের মনিপুরের মোরে অংশে এই ৯ কিলোমিটার বেড়া নির্মানের কাজ সমাপ্ত করা হয়েছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক সূত্রে এই তথ্য প্রকাশ করা হয়েছে । সূত্রে জানানো হয়েছে যে মোট ২১ কিলোমিটার এলাকায় এই

বেড়া নির্মানের কাজের দায়িত্ব গত বছরের ফেব্রুয়ারী মাসে সীমান্ত সড়ক সংস্থা ( বি আর ও )-কে দেওয়া হয়েছিল যা বর্তমানে অব্যাহত রয়েছে । উল্লেখ্য যে অরুণাচলপ্রদেশ , নাগাল্যান্ড , মিজোরাম এবং মনিপুর অংশে ভারত-মায়ানমার সীমান্তের মোট ১ হাজার ৬শো ৪৩ কিলোমিটার আর্ন্তজাতিক সীমান্ত এলাকা রয়েছে । সূত্রে আরো জানানো হয়েছে যে মোট ১ হাজার ৬শো ৪৩ কিলোমিটার আর্ন্তজাতিক সীমান্ত এলাকার মধ্যে ইতিমধ্যেই ১ হাজার ৪শো ৭২ কিলোমিটার অংশের জরীপের কাজ সম্পন্ন হয়েছে ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলায় পঞ্চায়েত নির্বাচনের জন্য জেলা পরিষদ সদস্য , আঞ্চলিক পঞ্চায়েত সভাপতি ও সহ-সভাপতি পদের আসনগুলিতে তপশিলি জাতি , তপশিলি উপজাতি ও মহিলা প্রার্থীদের জন্য আসন সংরক্ষণ সংক্রান্ত তালিকা প্রকাশ করেছেন । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে আনিপুর ,কালিগঞ্জ , কানাইনগর ফাকুয়া , লক্ষী বাজার , মাইজগ্রাম , সুপ্রাকান্দি , রাধাপ্যারী ,টিলাবাড়ী ও বান্দর কোনা জেলা পরিষদ আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত করা হয়েছে । এছাড়া শ্রীগৌরী জেলা পরিষদ আসন তপশিলি জাতির মহিলা প্রার্থী ও ভৈরব নগর জেলা পরিষদ আসন তপশিলি জাতির প্রার্থীর জন্য সংরক্ষন করা হয়েছে । পাশাপাশি জেলা পরিষদের ১৬টি আসনের মধ্যে চান্দখিরা , চেরাগী , দূর্লভছড়া , লোয়াইরপোয়া , নিলামবাজার , রাজাটিলা, উমরপুর এবং শ্রীমন্ত কানিশাইল বাসাইল জেলা পরিষদ আসন অসংরক্ষিত রাখা হয়েছে । সংরক্ষণের এই তালিকা সব গ্রাম পঞ্চায়েত সচিব , খন্ড উন্নয়ন আধিকারিক ,সব রাজনৈতিক দলের কর্মকর্তাদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে । বিশদ বিবরণের জন্য সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

শ্রীভূমি পৌরসভার কার্যবাহী আধিকারিক এক বিজ্ঞপ্তিতে ১২০ মাইক্রোনের নীচের ঘনত্বের নিষিদ্ধ পলিথিন ব্যাগ , পাউচ ও প্লাষ্টিক ব্যাগ ব্যবহার না করতে ব্যবসায়ীদের প্রতি নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তিতে নিষিদ্ধ পলিথিন ব্যবহার করলে প্লাষ্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে । এছাড়া শ্রীভূমি শহরের গাছগুলিতে যত্রতত্র সাইন বোর্ড , হোর্ডিং না লাগাতেও পৌর এলাকার নাগরিকদের প্রতি আহ্বান জানানো হয়েছে ।

---

কাছাড় জেলা স্বাধীনতা সংগ্রামী সংস্থার পক্ষ থেকে কাছাড় জেলায় বসবাসকারী দেশের স্বাধীনতা সংগ্রামী, তাদের বিধবা পত্নী এবং অবিবাহিত মেয়েরা যারা স্বাধীনতা সংগ্রামীর পেনশন পাচ্ছেন, তাদেরকে শিলচর সদর সার্কেলের স্বাধীনতা সংগ্রামীদের কক্ষে এসে সংশ্লিষ্ট আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে । রাজ্যের গৃহ সচিবের নির্দেশ অনুসারে এই পদক্ষেপ নেওয়া হয়েছে এবং অন্যথায় পেনশন বন্ধ করা হবে বলে সংস্থার এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে । উল্লেখ্য রাজ্যে সম্প্রতি ৬৯৯ জন ভূয়ো স্বাধীনতা সংগ্রামী পেনশন প্রাপক সরকারের দৃষ্টি গোচর হয়েছে । এজন্য প্রকৃত স্বাধীনতা সংগ্রামীদের পরিবারের সদস্যদের আগামী ৯ই জানুয়ারীর মধ্যে সব নথিপত্র নিয়ে শিলচরের সদর রাজস্ব চক্র আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করতে সংস্থার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে ।